

সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এর মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক প্রকাশ



বঙ্গবন্ধুর আশ্রাভাজন জাতীয় চার নেতার অন্যতম সৈনিক শহীদ ক্যাপ্টেন (অব) মনসুর আলীর সুযোগ্য সন্তান আওয়ামী লীগ নেতা, প্রাক্তন মন্ত্রী এবং স্বৈরাচার বিরোধী বিভিন্ন আন্দোলন সংগ্রামে সশ্রুত সারির যোদ্ধা **মোহাম্মদ নাসিম** আজ (১৩ জুন-২০২০) শনিবার সকালে রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন (ইল্লা দিল্লাহি ওয়া ইল্লা ইলাইহি রাজিউন)।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দিন আহমদ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

মোহাম্মদ নাসিম এর মৃত্যুতে বাঙালি জাতি তাঁর এক শ্রেষ্ঠ সন্তান ও নেতাকে হারালো। তাঁর মৃত্যুতে জাতীয় নেতৃত্বে যে শূন্যতা সৃষ্টি হল তা সহজে পূরণ হবার নয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরণহমের বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছে।